

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ১৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিনিয়র স্পেশাল জজ আদালত, মানিকগঞ্জ।

## বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত আসামীর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারী রহিয়াছে এবং যেহেতু, ফৌজদারী কার্যবিধির ৮৭ ও ৮৮ ধারার বিধান মোতাবেক উক্ত আসামীর বিরুদ্ধে আইনানুগ কার্যক্রম গ্রহণ করা হইয়াছে; এবং

যেহেতু, অত্রাদালতের ইহা বিশ্বাস করিবার যুক্তিসংগত কারণ রহিয়াছে যে, এই মামলায় নিম্নবর্ণিত আসামী বিচারের সম্মুখীন না হওয়ার জন্য গ্রেফতার এড়াইয়া পলাতক অবস্থায় রহিয়াছে বা আত্মগোপন করিয়াছে এবং তাহাকে আশু গ্রেফতার করিবার কোন সম্ভাবনা নাই।

সেইহেতু, ক্রিমিনাল ল এমেন্ডমেন্ট এ্যান্ট ৬(১)(১এ) ধারার অধীনে প্রাপ্ত ক্ষমতাবলে উক্ত আসামীকে তফসিলে তাহার নামের পার্শ্বে বর্ণিত মামলায় বিচারের সম্মুখীন হওয়ার জন্য অত্র বিজ্ঞপ্তি প্রকাশিত হইবার ৫ (পাঁচ) দিনের মধ্যে অত্রাদালতে হাজির হইবার নির্দেশ দেওয়া যাইতেছে। অন্যথায় তাহার অনুপস্থিতিতেই উক্ত মামলার বিচারকার্য সম্পন্ন করা হইবে।

## তফসিল

ক্রমিক নং	আসামীর নাম ও ঠিকানা	মামলা নম্বর, থানার নম্বর ও ধারা
(১)	মোঃ সিরাজুল ইসলাম, সাবেক গ্রাম সংবর্ধক (বর্তমানে চাকুরীচ্যুত) পল্লী প্রগতি প্রকল্প বিআরডিবি, উপজেলা-সাটুরিয়া, জেলা মানিকগঞ্জ, পিতামৃত-সলিমউদ্দিন, গ্রাম-পশ্চিম কাউন্টারা, উপজেলা-সাটুরিয়া, জেলা মানিকগঞ্জ।	স্পেশাল মামলা নং ০৩/২০১৩। সূত্র ৪ সাটুরিয়া থানার মামলা নং ৭(৫)২০১১, জি আর নং ৩৯/২০১১, ধারা ৪০৯ দণ্ড বিধি এবং ১৯৪৭ সনের দুর্বাল প্রতিরোধ আইনের ৫(২) ধারা।

এ, কে, এম মোস্তফা দেওয়ান  
সিনিয়র স্পেশাল জজ, মানিকগঞ্জ।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
শাহ-ই-আলম পাটোয়ারী, ভারপ্রাপ্ত উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

( ১০৫৪১ )

মূল্য : টাকা ৪.০০